চিতলমারীর শিল্পী কেসি বোসের খোঁজ রাখে না কেউ

‘তুমি কী দেখেছো কভু জীবনের পরাজয়, দুঃখের দহনে করুণ রোদনে তিঁলে তিলে তার ক্ষয়।’ এই গানটি গেয়ে এক সময় যিনি মঞ্চে সাড়া জাগাতেন সেই গুণী শিল্পী কেসি বোস রঞ্জন এখন চিকিৎসার অভাবে মৃত্যুর প্রহর গুণছে। ধীরে ধীরে নিভে আসছে তার জীবন প্রদীপ। অর্থের অভাবে চিকিৎসা হচ্ছে না তার। এ পরিস্থিতিতে চরম দুরাবস্থার মধ্যে দিন কাটছে।
বাগেরহাটের চিতলমারী উপজেলার খলিশাখালী গ্রামের সহাদেব বোসের পুুত্র কন্ঠশিল্পী কেসি বোস রঞ্জন দীর্ঘদিন ধরে নানা জটিল রোগে বিছানায় পড়ে আছেন। বিষয়টি নিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় ‘চিকিৎসার অভাবে মৃত্যুর প্রহর গুনছেন কেসিবোস’ শিরোনামে সংবাদ প্রকাশিত হলে বিভিন্ন মহলে সাড়া পড়ে। সরকারি সহায়তায় কিছুদিন তার চিকিৎসা হলেও বর্তমানে তার ব্যাপারে কেউই খোঁজ নিচ্ছে না। বাড়িতে খুবই অসুস্থ অবস্থায় বিছানায় পড়ে আছেন। সংসারে একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি তিনি। অসুস্থতার কারণে ঠিকমত এখন সংসার চলছে না। এ অবস্থায় সরকার এবং বিত্তবানদের সহায়তা কামনা করেছেন তার স্ত্রী ঝর্ণা বোস। সাহায্য পাঠানোর জন্য ০১৯১২৪৫৩৯২২ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
কেসিবোস রঞ্জনের স্ত্রী ঝর্ণা বোস কান্না জড়িত কণ্ঠে জানান, সহায়-সম্বল যা ছিল স্বামীর চিকিকৎসার পেছনে ব্যয় করে ফেলেছেন। এখন প্রতিদিন প্রায় হাজার, বারো শ’ টাকার ঔষধ কিনতে হচ্ছে। এছাড়া বিভিন্ন পরিক্ষা করতে গিয়ে সর্বশান্ত হয়েছেন। চিকিৎসা করানোর মতো হাতে এখন আর টাকা-পয়সা নেই। এ অবস্থায় কি করবেন ভেবে পাচ্ছেন না ।
এ ব্যাপারে চিতলমারী উপজেলা চেয়ারম্যান অশোক কুমার বড়াল জানান, শিল্পী কেসি বোস রঞ্জনের অসুস্থতার ব্যাপারে তার জানা নেই। বিষয়টি খোঁজ নিয়ে দেখা হচ্ছে বলেও তিনি জানান।